

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সহীহ হাদীসে রাস্লুল্লাহ 📲 এর মর্যাদার প্রাচীনত্ব রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৮. যখন পানিও নেই মাটিও নেই

কোনো কোনো জালিয়াত এর সাথে একটু বাড়িয়ে বলেছেন:

كُنْتُ نَبِيًّا وَآدمُ بَيْنَ الْمَاءِ والطِّيْن، وكنت نبيا وَلاَ مَاءَ ولاَ طِيْنٌ

"আদম যখন পানি ও মাটির মধ্যে ছিলেন তখন আমি নবী ছিলাম। এবং যখন পানি ছিল না এবং মাটিও ছিল না তখন আমি নবী ছিলাম।"

সাখাবী, সুয়ূতী, ইবনু আর্রাক, মোল্লা আলী কারী, আজলূনী ও অন্যান্য মুহাদ্দিস একবাক্যে বলেছেন যে এ কথাগুলো ভিত্তিহীন ও বানোয়াট। ।

ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, পৃ. ৩৩১; সুয়ূতী, যাইলুল লাআলী, পৃ. ২০৩; ইবনু আর্রাক, তানযীহ ২/৩৪১; মোল্লা কারী, আল-আসরার, পৃ. ১৭৮; আল-মাসনূ, পৃ. ১১০; আজলূনী, কাশফুল খাফা ২/১৬৯, ১৭৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4810

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন